# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**10 SEPTEMBER 2025 7:45—7:55 PM**

---

(১) দুদিনের সফরসূচী নিয়ে আসামে এসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামী রবিবার নুমুলীগড় শোধনাগারে বিশ্বের প্রথমটি বাশঁ ভিত্তিক জৈব ইথানল প্রকল্পের উদ্বোধন/

(২) প্রধানমন্ত্রী শ্রী মোদীর আগামী শনিবার মিজোরামের রাজধানী আইজলের নিকটবর্তী সাইরাং থেকে নতুন দিল্লি পর্যন্ত সাপ্তাহিক রাজধানী এক্সপ্রেস, সাইরাং ও গুয়াহাটির মধ্যে দৈনিক এক্সপ্রেস ট্রেন, সাইরাং ও কোলকাতার মধ্যে ত্রি-সাপ্তাহিক এক্সপ্রেস ট্রেনের যাত্রার আনুষ্ঠানিক সূচনা/

(৩) শিলচর শহরের পরিকাঠামো উন্নয়নে ক্যাপিটেল পয়েন্ট থেকে রাঙ্গিরখাড়ি পর্যন্ত এলিভেটেড করিডোর নির্মাণের জন্য রাজ্য সরকারের ৩৯৯ কোটি ৩০ লক্ষ টাকার দরপত্র আহ্বান/

এবং

(৪) আসাম তথা উত্তর-পূর্বাঞ্চলের বিশিষ্ট সাংবাদিক কুন্তল চক্রবর্তীর আজ সকালে গুয়াহাটি মেডিকেল কলেজের ক্যান্সার ইউনিটে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ/

---

দুদিনের সফরসূচী নিয়ে আসামে এসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৪ই সেপ্টেম্বর-রবিবার নুমুলীগড় শোধনাগারে বিশ্বের প্রথমটি বাশঁ ভিত্তিক জৈব ইথানল প্রকল্পের উদ্বোধন করবেন । শ্রী মোদীর আগমনের পূর্বে আজ মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা গোলাঘাট জেলার আয়ুক্ত, নুমুলীগড় শোধনাগার কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট বিভাগের আধিকারিকদের সঙ্গে এক পর্যালোচনা বৈঠকে মিলিত হন । প্রধানমন্ত্রীর এই সফরকে সম্মান জানিয়ে নুমুলীগড় এবং মণিপুরের মোরে সংযোগী ৩৩৯ নম্বর জাতীয় সড়ক

থেকে নুমুলীগড় শোধনাগারের সংযোগী দুই কিলোমিটারেরও বেশী দীর্ঘ সড়কে প্রধানমন্ত্রী নিম-পথ গড়ে তোলার উদ্দেশ্যে ছ'শো নিমগাছ রোপণের ব্যবস্থা করা হয়েছে । প্রধানমন্ত্রী এর আগে দরং জেলায় বেশকয়েকটি প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন । তিনি মঙ্গলদৈ'তে প্রায় ৫৭৬ কোটি টাকা ব্যয়ে দরং মেডিকেল কলেজ হাসপাতাল সহ একটি জি এন এম স্কুল এবং একটি নার্সিং কলেজের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন । এছাড়া প্রধানমন্ত্রী প্রায় সাত হাজার কোটি টাকা ব্যয়ে ব্রহ্মপুত্রের উপর নারেঙ্গী-কুরুয়া সংযোগী সেতু এবং গুয়াহাটি রিং রোড প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন ।

------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী তেরোই সেপ্টেম্বর- শনিবার মিজোরামের রাজধানী আইজলের নিকটবর্তী সাইরাং থেকে নতুন দিল্লি পর্যন্ত সাপ্তাহিক রাজধানী এক্সপ্রেস, সাইরাং ও গুয়াহাটির মধ্যে দৈনিক এক্সপ্রেস ট্রেন, সাইরাং ও কোলকাতার মধ্যে ত্রি-সাপ্তাহিক এক্সপ্রেস ট্রেনের যাত্রার আনুষ্ঠানিক সূচনা করবেন । সাইরাং এবং দিল্লির আনন্দ বিহার স্টেশনের মধ্যে সপ্তাহে একদিন করে যাতায়াত করা ২০৫০৭ এবং ২০৫০৮ নম্বরের রাজধানী এক্সপ্রেসটি সাইরাং থেকে আনন্দ বিহার পর্যন্ত দুহাজার ৫১০ কিলোমিটার দূরত্ব ৪৩ ঘন্টা ২৫ মিনিটে সম্পূর্ণ করবে । এই ট্রেনটি প্রতি শুক্রবার বিকেল সাড়ে চারটায় সাইরাং থেকে যাত্রা করে রবিবার সকাল দশটা-৫০ মিনিটে আনন্দ বিহারে গিয়ে পৌঁছুবে । ট্রেনটি রবিবার সন্ধ্যা ৭টা ৫০ মিনিটে যাত্রা শুরু করে মঙ্গলবার বিকেল ৩টি ১৫ মিনিটে সাইরাং পৌঁছুবে । এদিকে গুয়াহাটি থেকে সাইরাঙের মধ্যে যাতায়াত করা ১৫৬০৯ এবং ১৫৬১০ নম্বরের ট্রেনটি প্রতিদিন সন্ধ্যা সাতটায় গুয়াহাটি থেকে রওয়ানা হয়ে পরদিন সকাল সাড়ে আটটায় সাইরাং গিয়ে পৌঁছুবে। অনুরূপভাবে সাইরাং থেকে সন্ধ্যা সাতটায় রওয়ানা হয়ে পরদিন সকাল সাড়ে আটটায় গুয়াহাটি পৌঁছুবে । এছাড়া ১৩১২৫ এবং ১৩১২৬ নম্বরের ত্রিসাপ্তাহিক ট্রেনটি সাইরাং এবং কোলকাতাএ মধ্যে এক হাজার ৫১২ কিলোমিটার দূরত্ব ৩১ ঘন্টায় সম্পূর্ণ করবে বলে উত্তর-পূর্ব সীমান্ত রেলের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে ।

------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার ভারতীয় নাগরিকদেরকে নেপালের পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত নেপাল ভ্রমন থেকে বিরত থাকার পরামর্শ দিয়েছে ।কেন্দ্রীয় সরকারের পরামর্শ অনুযায়ি নেপালে থাকা ভারতীয় নাগরিকদের বর্তমান স্থানে থাকতে তথা ঘরের বাইরে বের না হতে এবং সতর্ক থাকতে পরামর্শ দিয়েছে ।তাদেরকে নেপালের স্থানীয় কর্তৃপক্ষ এবং কাঠমান্ডুর ভারতীয় দুতাবাসের জারি করা সুরক্ষা পরামর্শ মেনে চলতে বলা হয়েছে ।

উল্লেখ্য এয়ার ইন্ডিয়া এবং ইন্ডিগো সহ ভারতীয় বিমান পরিবহন সংস্থাসমুহ নেপালের রাজধানী কাঠমান্ডুতে বিমান পরিসেবা সাময়িকভাবে বন্ধ রেখেছে ।

----------------------------------------------------------------------------------------

কর্মচারী এবং গণ অভিযোগ নিষ্পত্তি বিভাগের মন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং পেনশন সম্পর্কীত ওজর আপত্তি নিষ্পত্তির ক্ষেত্রে অধিক নাগরিক কেন্দ্রীক দৃষ্টিভঙ্গী গ্রহণ করার পক্ষে মত পোষণ করেছেন ।আজ নতুনদিল্লীতে চতুর্দশ সর্বভারতীয় পেনশন আদালতে অধ্যক্ষতা করে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী সিং একথা জানান ।তিনি বলেন যে পেনশনভোগীদের বিভিন্ন সমস্যার সমাধান এবং তাদের আবশ্যকতা পূরণ করা সংশ্লিষ্ট বিভাগগুলির দায়িত্ব হওয়া উচিত । মন্ত্রী শ্রী সিং পেনশন আদালতে অংশগ্রহণ করা বিভিন্ন বিভাগকে ভবিষ্যতে ওজর আপত্তি নিষ্পত্তির পর মতামত গ্রহণ করার  নির্দেশ দেন । তথ্য ও নথিপত্র পরীক্ষা করার জন্য কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করে ওজর আপত্তি নিষ্পত্তি প্রক্রিয়া দ্রুত করে তোলা সম্ভব বলে তিনি মন্তব্য করেন । গত ১১ বছরে প্রযুক্তি ব্যবহার করার ফলে অবসরপ্রাপ্ত কর্মচারীদের পেনশন লাভ করার ক্ষেত্রে বিলম্ব হওয়ার ঘটনা হ্রাস পেয়েছে বলে শ্রী সিং জানান ।

----------------------------------------------------------------------------------------

রাজ্য সরকার শিলচর শহরের পরিকাঠামো উন্নয়নের জন্য ৩০৬ নম্বর জাতীয় সড়কে প্রথম পর্যায়ে এলিভেটেড করিডোর নির্মাণ করার জন্য ৩৯৯ কোটি ৩০ লক্ষ টাকার দরপত্র আহ্বান করেছে । এই প্রকল্পটি শিলচর শহরের ট্রাংকরোড /ক্যাপিটেল পয়েন্ট থেকে রাঙ্গিরখাড়ি পয়েন্ট পর্যন্ত সম্প্রসারিত করা হবে । দরপত্র আগামী সাতই অক্টোবর পর্যন্ত জমা দেওয়া যাবে ।বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই আজ সামাজিক মাধ্যমে এক বার্তায় একথা জানান ।তিনি বলেন যে এই পদক্ষেপ কার্যকর হলে শিলচর শহরে দীর্ঘদিনের যানজঁট সমস্যা হ্রাস পাবে এভ্য শহরের যাতায়াত ব্যবস্থায় গতি আসবে । তিনি বলেন যে পরিকাঠামো উন্নয়নের মাধ্যমে শিলচর শহরকে আরো বেশী আধুনিক শহরে রূপান্তরিত করার ক্ষেত্রে এ এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ ।

----------------------------------------------------------------------------------------

আসাম তথা উত্তর-পূর্বাঞ্চলের বিশিষ্ট সাংবাদিক কুন্তল চক্রবর্তী আজ সকালে গুয়াহাটি মেডিকেল কলেজের ক্যান্সার ইউনিটে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন । বয়স হয়েছিল ৫৪ বছর । তিনি দীর্ঘদিন ধরে ক্যান্সারে ভুগছিলেন । তিনি মৃত্যুকালে স্ত্রী এবং এক কন্যাকে রেখে গেছেন । শিলচর থেকে প্রকাশিত ‘দৈনিক সাময়িক প্রসঙ্গ’র সিনিয়র সাংবাদিক হিসেবে তিনি গুয়াহাটিতে কর্মরত ছিলেন । তিনি

দৈনিক যুগশঙ্খ, দৈনিক প্রান্তজ্যোতি, 'সময় প্রবাহ', ইত্যাদি পত্রিকার সঙ্গেও জড়িত ছিলেন । তাঁর মৃত্যুতে সংবাদ মহল সহ অসংখ্য পাঠক ও শুভানুধ্যায়ী গভীর শোক প্রকাশ করেছেন । সৎ, সাহসী এবং তথ্যসম্বৃদ্ধ লেখনির মাধ্যমে কুন্তল সংবাদ পাঠকদের মনে বিশেষ স্থান করে নিয়েছিলেন । দুই দশকেরও বেশি সময় ধরে তিনি নিরপেক্ষ দৃষ্টিভঙ্গী নিয়ে বরাক উপত্যকা তথা সমগ্র আসামে সাংবাদিকতার জগতে বিশেষ ছাপ রেখে গেছেন ।

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে বলেছেন যে- সাংবাদিক কুন্তল চক্রবর্তীর অসাধারণ বিশ্লেষণী ক্ষমতা ও জ্ঞান আসামের সংবাদ জগতকে ঋদ্ধ করেছে । তাঁর মৃত্যু, সংবাদ জগতের জন্য এক অপূরণীয় ক্ষতি বলে ডঃ শর্মা মন্তব্য করেছেন । সংবাদপত্রের মাধ্যমে বহু নিরপেক্ষ সংবাদ লিখে সকলের দৃষ্টি আকর্ষণ করা কুন্তল চক্রবর্তী সংবাদের বাইরেও বিভিন্ন বিষয়ে লেখালেখি করে একশ্রেণীর লোকের মন জয় করতে সক্ষম হয়েছিলেন । তাঁর বিয়োগে সংবাদ জগত সহ সমাজের বৃহৎ ক্ষতি হয়েছে বলেক তিনি মত প্রকাশ করেছেন । তিনি শোকসন্তপ্ত পরিবারের প্রতিও গভীর সমবেদনা ব্যক্ত করেছেন ।

এদিকে বরাক উপত্যকার দুই মন্ত্রী কৌশিক রাই, কৃষ্ণেন্দু পাল, দুই সাংসদ পরিমল শুক্লবৈদ্য, কণাদ পুরকায়স্থ, বিধায়কগণ সহ বহু বিশিষ্ট ব্যক্তি তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন ।

---

বিশ্ব আত্মহত্যা প্রতিরোধ দিবস উপলক্ষে আজ রাজ্যের বিভিন্ন প্রান্তে সচেতনতামূলক কার্যসূচী অনুষ্ঠিত হয়েছে ।

শ্রীভূমি জেলায়ও আজ এই দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষে আজ করিমগঞ্জ সিভিল হাসপাতাল প্রাঙ্গনে জেলা যুগ্ম স্বাস্থ্য সঞ্চালক ডাঃ সুমনা নাইডিংয়ের পৌরহিত্যে এক সচেতনতা সভা অনুষ্ঠিত হয়েছে ।সভায় জেলা মানসিক স্বাস্থ্য কার্যসূচির বিশেষজ্ঞরা উদ্বেগ , মানসিক চাপ , হতাশার প্রভাব ইত্যাদি বিষয়ে আলোচনা করে সামাজিক সচেতনতার ওপর গুরুত্ব আরোপ করেন ।
এদিকে ডিমা হাসাও জেলা আয়ুক্তের বাসভবনে গতকাল রাতে পঞ্চম আসাম পুলিশ ব্যাটেলিয়নের এক জওয়ান কর্মরত অবস্থায় নিজের সার্ভিস রিভলভার থেকে গুলি করে

আত্মহত্যা করেছে ।তাকে সঙ্গে সঙ্গে হাফলং অসামরিক হাসপাতালে নিয়ে যাওয়ার পর ডাক্তারের পরামর্শে তাকে আই সি ইউতে নিয়ে যাওয়ার পর তার মৃত্যু হয় ।

-------------------------------------------------------------------------------------

শিলচরে এ বছরের আসন্ন দূর্গা পূজায় একবার ব্যবহার যোগ্য প্লাষ্টিক পরিহার করতে এবং প্রতিটি দূর্গা পূজা মন্ডপে তরল ও কঠিন বর্জ্য নিক্ষেপের জন্য ডাষ্টবিন রাখার নির্দেশ দেওয়া হয়েছে । শিলচর পৌর নিগমের আয়ুক্ত সৃষ্টি সিং আজ নিগমের সম্মেলন কক্ষে আয়োজিত দূর্গা পূজা প্রস্তুতি সভায় একথা বলেছেন । আজকের সভায় শ্রীমতি সিং উৎসবের মরশুমে জনসাধারনের মধ্যে স্বাস্থ্য সচেতনতা গড়ে তুলতে পূজা প্যান্ডালগুলিকে পরিষ্কার-পরিচ্ছনতা বজায় রাখার আহ্বান জানিয়েছেন ।

-------------------------------------------------------------------------------------

ভারতীয় জনতা পার্টির শ্রীভূমি জেলা সমিতির উদ্যোগে আগামী ১৭ই সেপ্টেম্বর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিন বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে পালন করা হবে । আজ জেলা সভাপতি সঞ্জীব বণিকের পৌরহিত্যে আয়োজিত সভায় জানানো হয় যে সমিতির উদ্যোগে আগামী ১৭ই সেপ্টেম্বর থেকে আগামী দোসরা অক্টোবর পর্যন্ত সেবা পক্ষ কার্যসূচী পালন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে । আজকের বৈঠকে ভারতীয় জনতা পার্টির জেলা স্তরের কর্মকর্তা সহ তৃণমূল স্তরের কর্মীরা উপস্থিত ছিলেন ।

-------------------------------------------------------------------------------------

শিলচর রাধামাধব কলেজের স্টুডেন্টস হেলথ কেয়ার সেন্টার এবং রেড রিবন ক্লাবের যৌথ উদ্যোগে ও বরাকভ্যালী ভলান্টারী ব্লাড ডোনার্স ফোরামের কাছাড় জেলা কমিটি এবং ব্লাড সেন্টার কাছাড় ক্যান্সার হাসপাতাল ও রির্সাচ সেন্টারের সহযোগিতায় আগামী শনিবার ওই কলেজে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে । এই শিবিরে স্বেচ্ছায় রক্তদান করতে ইচ্ছুক ব্যক্তিদের আগামী শুক্রবারের মধ্যে কলেজে এসে নাম নথিভুক্ত করতে অনুরোধ করা হয়েছে । এছাড়া কলেজের ১৮ বছর বয়সের উর্ধের ছাত্র-ছাত্রীদের রক্তদান শিবিরে অংশগ্রহণ করতে কলেজের পক্ষ থেকে আহ্বান জানানো হয়েছে ।

-------------------------------------------------------------------------------------